আজকের কাগজ

তারিখ 09 FEB 1994
পৃষ্ঠা ৬ কলাম ২

# হোসেনপুরে বিভিন্ন উচ্চ বিদ্যালয়ে অনিয়ম ও দুর্নীতি চলছে

কিশোরগঞ্জ জেলার হোসেনপুর থানার বিভিন্ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়গুলোতে চরম দুর্নীতি ও অনিয়মের অভিযোগ পাওয়া গেছে। জানা যায়, থানার সরকারি অনুদানপ্রাপ্ত উচ্চ মাধ্যমিক বিদ্যালয় সমূহে মেয়েদের কাছ থেকে অষ্টম শ্রেণী পর্যন্ত বেতন আদায়, এসএসসি পরীক্ষার ফরম পূরণে অতিরিক্ত ফি আদায় এবং ছাত্র/ ছাত্রিদের কাছ থেকে রশিদ বিহীন বেতন আদায়ও মোটা অংকের উৎকোচের বিনিময় নিম্নমানের বই সিলেবাসে ভূক্ত করাসহ বিভিন্ন অনিয়ম চলছে। এসব বিদ্যালয়গুলো হচ্ছে, পুমদী উচ্চ বিদ্যালয়, পিপাসার্কান্দি উচ্চ বিদ্যালয়, কুলিকান্দি উচ্চ বিদ্যালয়; গোবিন্দপুর উচ্চ বিদ্যালয়, এসআরডি উচ্চ বিদ্যালয় ও হোসেনপুর উচ্চ বালিকা বিদ্যালয়। এসব বিদ্যালয়সমূহে বিগত' ৯০ সাল থেকে সরকার অষ্টম শ্রেণী পর্যন্ত মেয়েদের অবৈতনিক শিক্ষা বাবদ রীতিমত ভর্তুকি দিয়ে আসলেও শিক্ষকরা বিভিন্ন কায়দায় মেয়েদের কাছ থেকে বেতন আদায় করছে। কর্তৃপক্ষ রহস্যজনক কারণে আইনানুগ ব্যবস্থা নিচ্ছে না। হোসেনপুর থেকে বাহার উদ্দিন সরকার।